

### 3 (Sem-4) BEN MIL

2018

BENGALI

( Modern Indian Language )

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও :  $1 \times 10 = 10$

- (ক) ‘অজরঙ্গল’ শব্দের অর্থ কী ?
- (খ) “তাই বোধ করি স্বাধীন আফ্রিদির কাছে \_\_\_\_\_ এত প্রিয়  
বস্তু !” ( শূন্যস্থান পূর্ণ করো )
- (গ) “ফারসিতে প্রবাদ আছে, ‘দের আয়দ্ দুরম্ত  
আয়দ্’”—প্রবাদটির অর্থ কী ?
- (ঘ) লাঙ্গুকোটাল থেকে দক্ষার দূরত্ব কতখানি ?
- (ঙ) ‘দেশে-বিদেশে’র লেখক যে-বাসে করে কাবুল  
যাচ্ছিলেন তার ড্রাইভারের নাম কী ?
- (চ) কাবুল ইয়োরোপীয় কোনো কিছু নকল করতে গেলে  
কাকে আদর্শরূপে মেনে নেয় ?
- (ছ) ‘পরমাসুন্দরী-পরমসুন্দরী’—এদের মধ্যে কোনটি শুন্দ ?

(জ) পদ পরিবর্তন করো (যে কোনো একটি) :

শরৎ ; শরীর।

(ঝ) শুন্দ রূপটি নির্ণয় করো :

ঐকতা ; ঐক্যতা ; একতা ; ঐক্যত্ব।

(ঞ) বানান সংশোধন করো (যে কোনো একটি) :

পৌরাণিক ; মুহূর্ত।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

$2 \times 5 = 10$

(ক) পেশাওয়ারের প্ল্যাটফরম থেকে ‘দেশে-বিদেশে’র লেখককে অভ্যর্থনা করে নিয়ে যেতে যিনি এসেছিলেন, তাঁর নাম কী ? তাঁর পেশা কী ?

(খ) লাহোরে এবং পেশাওয়ারে সর্দারজীর শিলওয়ার বানাতে কত গজ করে কাপড় লাগে ?

(গ) পদ পরিবর্তনের ফলে ‘গ্রাম’ পদটির দুটি পরিবর্তিত রূপের উল্লেখ করো ।

(ঘ) নিম্নলিখিত বানান যুগলের মধ্যে কোন দুটি শুন্দ, লেখো :

শিরচ্ছেদ-শিরশ্ছেদ ; নিরপরাধী-নিরপরাধ ।

(ঙ) ‘সন্দেশ’ অথবা ‘বাড়স্ত’ যে কোনো একটি শব্দের দুটি ভিন্ন ভিন্ন অর্থ লেখো ।

( 3 )

৩। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$

- (ক) রমজান খান কে? তিনি 'দেশে-বিদেশে'র লেখক ও তাঁর সঙ্গীকে যে-গল্লাটি শুনিয়েছিলেন সেটি সংক্ষেপে লেখো।
- (খ) দক্ষা দুর্গের অফিসারের সৌজন্যবোধ এবং সৌন্দর্যবোধের পরিচয় দাও।
- (গ) খাইবার পাসে লেখকের যে অভিজ্ঞতা হয়েছিল তা বর্ণনা করো।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$

- (ক) যে কোনো দুটি বাগবিধির অর্থ নির্দেশ করে বাক্য-রচনা করো :  $2 \frac{1}{2} \times 2 = 5$

শিবরাত্রির সলতে ; ডুমুরের ফুল ; শাঁখের করাত ;  
আষাঢ়ে গল্ল।

- (খ) যে কোনো দুটি শব্দের ভিন্ন ভিন্ন অর্থ নির্দেশ করে বাক্য-রচনা করো :  $2 \frac{1}{2} \times 2 = 5$

অর্থ ; কর ; ঘন ; গুণ।

- (গ) বাক্যগত অশুল্কি সংশোধন করো :  $1 \times 5 = 5$

- (১) অঞ্জলী তরে ফুল এনেছি।
- (২) ইতিমধ্যে তিনি আগ্রা থেকে ঘুরে এসেছেন।
- (৩) সত্যকাম খাফির চরণে প্রনাম জানালো।
- (৪) বৃহৎপাতিবার তিনি আদালতে যাবেন।
- (৫) বাবা বললেন, “তোমাকে পড়ানোর সামর্থ আমার নেই।”

( 4 )

৫। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$

- (ক) ‘দেশে-বিদেশে’ গ্রহ অবলম্বনে সিমলা থেকে কাবুল পর্যন্ত লেখকের যাত্রাপথের বর্ণনা দাও।
- (খ) “পশ্চিমে-মূর্খে মিলে আফগানিস্তান সম্বন্ধে যে সব তথ্য আবিষ্কার করেছেন তার মোটামুটি তত্ত্ব এই—” আফগানিস্তান সম্বন্ধে এই তথ্য ও তত্ত্বের সংক্ষিপ্ত বিবরণ দাও।
- (গ) “কি জানি, স্বাধীনতা কিসের জোরে টিকে থাকে?” বক্তা কে? তাঁর বক্তব্যের কারণ হিসেবে যে-কাহিনির অবতারণা হয়েছে, সংক্ষেপে তা আলোচনা করো।
- (ঘ) খাজা মোল্লা গ্রামে লেখকের বাসার ঢাকর আবদুর রহমানকে নিয়ে যে হস্যরসের সৃষ্টি হয়েছে তা সবিস্তারে বর্ণনা করো।

৬। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $10$

- (ক) বাগবিধি কী? বাগবিধির বৈশিষ্ট্য কী? বাংলায় প্রচলিত বিভিন্ন বাগবিধির ব্যবহার উদাহরণসহ দেখাও।  $2+2+6=10$
- (খ) বিভিন্নার্থক শব্দ কী? ভাষার সৌন্দর্যবিধানে এর ভূমিকা কীরূপ? যে কোনো দুটি শব্দের অন্তর তিনটি করে অর্থ লিখে বাক্য-রচনা করো।  $2+2+6=10$

৭। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো :  $10$

- (ক) বিজ্ঞান ও শান্তিসভ্যতা
- (খ) তোমার প্রিয় লেখক
- (গ) ভারতের নাগরিক হিসাবে ছাত্র-সমাজের দায়িত্ব ও কর্তব্য
- (ঘ) তোমার কলেজ জীবনের প্রথম দিনের অভিজ্ঞতা

★ ★ ★

